

Google Meet

Google Ireland Limited (“Google”)

Gordon House, Barrow Street, Dublin 4, Ireland

<https://support.google.com/>

২১ ডিসেম্বর, ২০২০ থেকে প্রযোজ্য

চুক্তির সারাংশ

- ইউরোপীয় ইউনিয়নের আইন অনুসারে এই চুক্তির সংক্ষিপ্তসার আমাদের পরিষেবা সংক্রান্ত অফারের মূল উপাদানগুলি বর্ণনা করে¹।
- পরিষেবা সংক্রান্ত অফারগুলি যাতে আপনি সহজেই তুলনা করতে পারেন সেই বিষয়ে আপনাকে সাহায্যের জন্য এটি করা হয়েছে।
- আমাদের পরিষেবা সংক্রান্ত অফার সম্পর্কে সম্পূর্ণ তথ্য অন্যান্য ডকুমেন্টে উপলভ্য।

পরিষেবা

Google Meet একটি ভিডিও-যোগাযোগ পরিষেবা যা ওয়েব ইন্টারফেস বা অ্যাপের মাধ্যমে সমস্ত ডিভাইস বা প্ল্যাটফর্ম জুড়ে এর পরিষেবা ব্যবহার করা যায়। Google Meet-এর মাধ্যমে যোগাযোগের জন্য ইন্টারনেট কানেকশনের প্রয়োজন। যথাযোগ্য দক্ষতা ও যন্ত্রের সাথে Google-এর মাধ্যমে Google Meet প্রদান করা হয় যদিও পরিষেবার কোয়ালিটির কোনও ন্যূনতম লেভেল অফার করা হয় না।

দাম

বিনামূল্যে Google Meet ব্যবহার করা যায় এবং Google-এর পরিষেবার শর্তাবলী অনুযায়ী এটি ব্যবহার হয় (নিম্নলিখিত লিঙ্কে পাওয়া যাবে <https://policies.google.com/terms>)।

সমন্বয়সীমা, পুনর্নবীকরণ এবং সমাপ্তি

সাইন-আপ করার সাথে সাথেই Google Meet ব্যবহার করতে পারবেন। নির্দিষ্ট সময়ের জন্য Google Meet ব্যবহারে আপনি প্রতিশ্রুতিবদ্ধ নন এবং যেকোনও সময়ে আপনি এর ব্যবহার বন্ধ করতে পারেন।

প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ফিচার

Google Meet-এ আপনি স্ক্রিন রিডার ও কীবোর্ড শর্টকাট ব্যবহার করতে পারেন এবং কথা বলা ব্যক্তির ক্যাপশন ডিসপ্লে করতে পারেন। নিম্নলিখিত লিঙ্ক থেকে আপনি আরও বিবরণ দেখতে পারেন <https://www.google.com/accessibility/>।

অন্যান্য প্রাসঙ্গিক তথ্য

গ্রাহক সহায়তা: নিম্নলিখিত লিঙ্ক থেকে Google Meet-এর জন্য সাহায্য/সহায়তা পেতে পারেন

<https://support.google.com/>।

বিবাদ: আপনার দেশের আইনের শর্ত অনুযায়ী, আপনি তালিকাতে দেখানো Alternative Dispute Resolution (ADR) সংক্রান্ত পরিষেবা প্রদানকারী <https://ec.europa.eu/consumers/odr/main/?event=main.adr.show2> বা অন্য কোনও পরিষেবা প্রদানকারীর কাছে নিজের অভিযোগ জানাতে পারেন। Google-এর পরিষেবার শর্তাবলী বিকল্প থেকে আরও বিবরণ পেতে পারেন।

সুরক্ষা ঘটনা: কোনও রকম দেরি না করে সুরক্ষা বা গোপনীয়তার ইভেন্টগুলি শনাক্ত করতে এবং প্রতিক্রিয়া জানাতে Google অতি কঠোরভাবে ২৪/৭ ইনসিডেন্ট ম্যানেজমেন্ট প্রোগ্রাম বজায় রাখে। অনলাইন সুরক্ষা যাতে আপনি সহজেই ম্যানেজ করতে পারেন সেই বিষয়ে সাহায্যের জন্য Google আপনাকে Google নিরাপত্তা চেকলিস্ট প্রদান করে।

ব্যক্তিগত তথ্য: Google Meet-এ সাইন-আপ করার জন্য, আপনার নাম, ইমেল আইডি এবং ফোন নম্বর লিখতে হবে। Google Meet ব্যবহার করার সময় (নিম্নলিখিত লিঙ্কে উপলভ্য <https://policies.google.com/privacy>) Google-এর মাধ্যমে সংগ্রহ করা ব্যক্তিগত তথ্যের বিষয়ে আরও তথ্য Google-এর গোপনীয়তা নীতি প্রদান করে। Google-এর গোপনীয়তা নীতি আপনার এবং Google-এর মধ্যে বা এই সারাংশের মধ্যে চুক্তির অংশ নয়।

¹ইউরোপীয় সংসদের নির্দেশিকা (ইউরোপীয় ইউনিয়ন) ২০১৮/১৯৭২ এর আর্টিকেল 102(3) এবং ১১ ডিসেম্বর ২০১৮ এর কাউন্সিলের ইউরোপীয় বৈদ্যুতিক যোগাযোগ কোড (OJ L 321, 17.12.2018, p. 36) প্রতিষ্ঠা করেছে।